

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)



স্মারক নং- ৩২.০০.০০০০.০৩৯.২৫.১১৪.১৯-১৫৪

তারিখঃ ২৮.১২.২০২০ খ্রিঃ

বিষয়ঃ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙামাটি পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের পত্র নং- ৩২.০০.০০০০.০৩০.২৫.০১২.১৯-১৫৩, তারিখঃ ০৮.১২.২০২০ খ্রিঃ।

কর্মকর্তার নাম : মোঃ রেজাউল হক  
কর্মকর্তার পদবী : সহকারী সচিব (আইন)  
স্থান : রাঙামাটি  
তারিখ : ১৪.১২.২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের সহকারী সচিব (আইন) মোঃ রেজাউল হক কর্তৃক রাঙামাটি জেলাতে অবস্থিত উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙামাটি এর স্থানীয় কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপঃ

১.০ গত ১৪.১২.২০২০ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় রাঙামাটিস্থ মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আলোচনাকালে দৈনিক হাজিরা, স্টক রেজিস্টার তলব করা হয়। স্টক রেজিস্টার হালনাগাদ পাওয়া যায়নি। হালনাগাদ স্টক রেজিস্টার সঠিকভাবে রক্ষণাবেক্ষণের পরামর্শ দেয়া হয়। নৈমিত্তিক ছুটির হিসাব হালনাগাদ লিপিবদ্ধ করার নির্দেশনা দেয়া হলো। অফিসের আসবাবপত্র সমূহ ও কক্ষ সমূহের বিন্যাসকরণ সম্প্রোক্ষণ করা হয়।

২.০ পরিদর্শনকালে ৯টি উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (কাউখালী, বরকুল, কাষ্টাই, রাজস্থলী, জুরাছড়ি, লংগু, বাঘাইছড়ি, নানিয়ারচর এবং বিলাইছড়ি)। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তারা ভৌগলিক কারনে রাঙামাটির অবস্থানগত কারণে ভিজিডি উপকারভোগী এবং অন্যান্য উপকারভোগীদের সাথে সপ্তাহে ‘হাটবারের দিন’ মতবিনিময় করেন। মোবাইল নেটওয়ার্কের সমস্যার কারণে সময়মত তথ্য প্রদানে সমস্যা হয় বলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান।

৩.০ উপপরিচালক জানান যে, তাঁর কার্যালয় থেকে এ মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন দিবস (বঙ্গমাতা দিবস- ৮ আগস্ট, নারী দিবস- ৮ মার্চ, জাতীয় জনকের জন্ম দিবস- ১৭ মার্চ, জাতীয় শোক দিবস- ১৫ আগস্ট, বেগম রোকেয়া দিবস- ৯ ডিসেম্বর, অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ, বাল্য বিবাহ নিরোধ সম্পর্কিত ক্যাম্পেইন) পালন করা হয়ে থাকে। উপপরিচালকের কার্যালয়ে লোকবলের অভাব রয়েছে এবং একই সমস্যা উপজেলা অফিসগুলোতে রয়েছে বলে জানান। মাতৃত্বকালিন ভাতা ও দারিদ্র মা’র জন্য ভাতা নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

৪.০ পরিদর্শনকালে সেলাই প্রশিক্ষণ, বিট্টিফিকেশন কোর্স, পুত্রির কাজ প্রশিক্ষণ সরেজমিনে প্রত্যক্ষ করা হয়। প্রশিক্ষণার্থীদের নিয়মিত প্রশিক্ষণ ক্লাসে অংশগ্রহণ করার পরামর্শ দেয়া হয়। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণলক্ষ্য দিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার পরামর্শ দেয়া হয়।

### সুপারিশঃ

- ১) হাজিরা খাতায় নৈমিত্তিক ছুটির হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ করার পরামর্শ দেয়া হলো;
- ২) স্টক রেজিস্টার নিয়মিত হালনাগাদ করার পরামর্শ দেয়া হলো;
- ৩) উপজেলা কার্যালয় সমূহ উপপরিচালকের কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করার সুপারিশ করা হলো।

( মোঃ রেজাউল হক )

সহকারী সচিব (আইন)

ফোনঃ ৯৫৪০১০৭

### সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩২.০০.০০০০.০৩৯.২৫.১১৪.১৯-১৫৪

তারিখঃ ২৮.১২.২০২০ খ্রি:

### অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইক্সাটন গার্ডেন রোড, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সমষ্টি), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে এ মন্ত্রণালয়ের  
ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাঙ্গামাটি।
- ৭। সহকারী সচিব (সমষ্টি), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮.১২.২০২০  
( মোঃ রেজাউল হক )  
সহকারী সচিব (আইন)